# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 05 May, 2025

পয়েন্ট টু পয়েন্ট ভিত্তিতে দেশের সার্বিক মূল্যস্ফীতি কমে দাঁড়িয়েছে ৯ দশমিক ১৭ শতাংশ। যা মার্চ মাসে ছিল ৯ দশমিক ৩৫ শতাংশ। এছাড়া খাদ্য বহির্ভূত খাতেও এপ্রিল মাসে মূল্যস্ফীতি কমে দাঁড়িয়েছে ৯ দশমিক ৬১ শতাংশ।যা গত মাসে ছিল ৯ দশমিক ৭০ শতাংশ।

সোমবার (৫ মে) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) দেওয়া এপ্রিল মাসের ভোক্তা মূল্য সূচকের (সিপিআই) হালনাগাদ তথ্যে এমন চিত্র দেখা গেছে।

বিবিএস জানায়, গত বছরের এপ্রিল মাসে দেশের মূল্যস্ফীতি ছিল ৯ দশমিক ৭৪ শতাংশ। পাশাপাশি এপ্রিল মাসে মূল্যস্ফীতি কমে হয়েছে ৮ দশমিক ৬৩ শতাংশ।যা মার্চ মাসে ছিল ৮ দশমিক ৯৩ শতাংশ। সবজি, মাছ, মাংস, ডিম, দুধসহ নিত্যপণ্যের দামে স্বস্তির কারণেই কমেছে মূল্যস্ফীতি।

সংস্থাটি আরও জানায়, এপ্রিল মাসে খাদ্যপণ্যের দাম কমেছে।বিশেষ করে আলু, চাল, ডাল, তেল, লবণ, মাছ, মাংস, সবজি ও মসলার দাম। বিবিএস এর হিসাবে বাড়ি ভাড়া, আসবাবপত্র, গৃহস্থালী, চিকিৎসাসেবা, পরিবহন, শিক্ষা উপকরণ এবং বিবিধ সেবাখাতের মূল্যস্ফীতির হারও কমেছে।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 03:05

URL: https://www.timestodaybd.com/public/national/2047861984